# এইচ এস সি পরীক্ষা ২০১৬ এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)**

**বিষয় কোড : ২ ৬ ৮**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।**

**১.▶** হিরা চৌধুরী মাদারীপুরের একটি অঞ্চলের চেয়ারম্যান। তার নিকট দুর্গত এলাকার জন্য সরকারি ত্রাণসামগ্রী আসলে তিনি সেগুলো গ্রহণ করার পূর্বেই একদল লুটেরা কর্তৃক সেগুলো লুণ্ঠিত হয় । হীরা চৌধুরী এ ঘটনার সাথে জড়িতদের শাস্তি দাবী করেও কোন প্রতিকার না পেয়ে নিজেই জড়িতদের শাস্তির ব্যবস্থা করেন। ফলে উভয়পক্ষে সংঘর্ষ হয় এবং প্রতিপক্ষের প্রধান নিহত হয়। প্রতিপক্ষের বাকী লোকজন প্রাণভয়ে পলায়ন করে।

ক. দাহির কে ছিলেন? ১

খ. মুহম্মদ বিন কাশিমের মৃত্যুর কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত 'লুণ্ঠনের' ঘটনার সাথে আরবদের সিন্ধু বিজয়ের কোন কারণটির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে হীরা চৌধুরীর নিকট প্রেরিত ত্রাণসামগ্রী লুণ্ঠনকারীর পরিণতি এবং সিন্ধু বিজয়ের ফলাফল এক নয়-বিশ্লেষণ কর। ৪

**২.▶** ফাইজুল আনাম অত্যন্ত বিচক্ষণ ও নিবেদিত প্রাণ মুসলমান। তার বিশাল ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনার জন্য তিনি আনাস আহমেদ নামের একজনকে দত্তক নিয়ে সন্তানস্নেহে লালন পালন করে যোগ্যতর করে গড়ে তোলেন। আনাস আহমেদের মেধা ও মননশীলতার কারণে ফাইজুল আনাম নিজ কন্যাকে তার সাথে বিয়ে দেন। এক সময় ফাইজুল আনাম মৃত্যুবরণ করলে তার অযোগ্য পুত্র ব্যবসা-বাণিজ্যের হাল ধরেন, কিন্তু প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হল। এমতাবস্থায় আনুগত কর্মচারীরা আনাস আহমেদকে প্রতিষ্ঠানের এ. ডি পদে বসান। শত বাধা পেরিয়ে আনাস আহমেদের দক্ষ পরিচালনায় প্রতিষ্ঠানটি শক্তিশালী ও একক লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়।

ক. কোন সাধকের নামে কুতুব মিনারের নামকরণ করা হয়? ১

খ. 'চল্লিশচক্র' বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আনাস আহমেদের দায়িত্ব গ্রহণের সাথে ইলতুৎমিশের ক্ষমতা গ্রহণের কি মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বর্ণিত আনাস আহমেদের কর্মকাণ্ডের সাথে সুলতান ইলতুৎমিশের কর্মকাণ্ডের সাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

**৩.▶** বিদেশে থাকা বন্ধু সোহেল তার বন্ধু রাকিবদের বাড়িতে এসে তার সাথে একটি পাইকারী বাজারে যায়। বাজারে প্রবেশের মুখেই তার চোখে পড়ে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম সম্বলিত একটি মূল্য তালিকা বোর্ড। তালিকা অনুযায়ী চালের মূল্য ৩০ টাকা কেজি হওয়া সত্ত্বেও বাজারে চালের মূল্য ৪০ টাকা । বিস্মিত সোহেল খোঁজ নিয়ে জানতে পারে সরকারের সার, বীজ ইত্যাদিতে ভর্তুকির পরিমাণ কম হওয়ায় চালসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম তালিকা থেকে অনেক বেশি।

http://teachingbd.com

ক. ইবনে বতুতা কে ছিলেন? ১
খ. ফিরোজ শাহ তুঘলকের দাস বিভাগ সম্বন্ধে কী জান? ব্যাখ্যা কর। ২
গ. সোহেলে দেখা মূল্য তালিকার সাথে তোমার পঠিত কোন শাসকের মূল্য নিয়ন্ত্রণ নীতি সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. রকিবের দেশের সরকার কীভাবে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণ করতে পারে? পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৪.▶** তালাত সাহেব বিপুল ভোটের ব্যবধানে তার এলাকার সাংসদ নির্বাচিত হন। সাংসদ নির্বাচিত হতে পেরে তিনি তার এলাকার উন্নয়নে মনোনিবেশ করেন। তিনি অসংখ্য রাস্তাঘাট তৈরি করাসহ রাস্তার দু'পাশে বৃক্ষরোপণের ব্যবস্থা করেন। এছাড়া গরীব ও দুঃস্থ ব্যক্তিদের জন্য তিনি এলাকার বিভিন্ন স্থানে হোটেল নির্মাণ করেন। অনেক সময় এখানে গরীব মিসকিনদের খাবার ব্যবস্থা করা হয়। তার এই জনহিতকর কাজের জন্য এলাকার সবাই তাকে ভালোবাসে।

ক. গ্র্যান্ড ট্রাংক রোড নির্মাণ করেন কে? ১
খ. শের শাহকে শাসক হিসাবে সম্রাট আকবরের অগ্রদূত বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের তালাত সাহেবের সাথে শূর-বংশের কোন শাসকের সামঞ্জস্য আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনহিতকর কাজের ক্ষেত্রে মিল থাকলেও ক্ষমতা গ্রহণের ক্ষেত্রে তালাত সাহেবের সাথে উক্ত শাসকের অসমাঞ্জস্য রয়েছে?"- উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

**৫.▶** সুজা খান বিশাল বাণিজ্যিক সাম্রাজ্যের মালিক ছিলেন। তিনি তার একমাত্র পুত্র ড্যানিয়েলকে নাবালক অবস্থায় রেখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি তার ঘনিষ্ঠ ও বিশ্বস্ত বন্ধু মুরাদ খানকে পুত্রের অভিভাবক হিসেবে নিয়োগ দেন। মুরাদ খান অত্যন্ত দক্ষতার ও কঠোরতার সাথে সকল প্রতিকূলতা মোকাবেলা করে রাজ্যের অস্তিত্ব বজায় রাখেন এবং ড্যানিয়েলকে যোগ্যতম হিসেবে গড়ে তোলেন। পরবর্তীতে মুরাদ খান উক্ত রাজ্যের উপর একচ্ছত্র আধিপত্য কায়েম করেন। ড্যানিয়েল বয়ঃপ্রাপ্ত হয়ে মুরাদ খানের স্থলে নিজের ক্ষমতা প্রতিষ্ঠিত করেন। ড্যানিয়েল ছিলেন অসাধারণ মেধা, যোগ্যতা ও দক্ষতার অধিকারী। অল্প সময়ের মধ্যে তিনি রাজ্যের সকল ক্ষেত্রে স্বীয় শ্রেষ্ঠত্ব প্রমাণ করেন।

ক. পানি পথের দ্বিতীয় যুদ্ধ কোন মুঘল শাসকের সময় সংঘটিত হয়? ১
খ. দ্বীন-ই-ইলাহী কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মুরাদ খানের কর্মকাণ্ডের সাথে সম্রাট আকবরের বাল্য জীবনে কোন ব্যক্তির কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ড্যানিয়েলের চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে সম্রাট আকবরের চারিত্রিক বৈশিষ্ট্যের সাদৃশ্য পর্যালোচনা কর। ৪

**৬.▶** সম্রাট জাবাল বিন আহমেদ তার রাজ্যের নিরাপত্তা, পুত্রের বিদ্রোহ দমন, উদীয়মান শক্তির ধবংস সাধন ও রাজনৈতিক কারণে সাম্রাজ্য বিস্তার নীতি গ্রহণ করেন্ কিন্তু রাজ্য বিজয়ে সম্রাটের ক্ষমতা ও প্রতিপত্তি বৃদ্ধি করেনি বরং সাম্রাজ্যের ব্যাপক বিস্মৃতি, সর্বত্র সুশাসনের ব্যবস্থা ও পরিচালনার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করেছিল?

ক. নাদির শাহ কোন রাজ্যের সম্রাট ছিলেন? ১
খ. উত্তরাধিকার দ্বন্দ্বে আরওজাজেবের সাফল্যের কারণ কী? ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকের বর্ণিত সম্রাট জাবাল বিন আহমেদের সাম্রাজ্য বিস্তার নীতি সম্রাট আওরঙ্গজেবের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত নীতির ফলাফল পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭.▶ রবার্ট সিনকো রিংগ কোম্পানীর এম. ডি হিসেবে দায়িত্ব গ্রহণের পর কোম্পানীর কার্যক্রমকে চট্টগ্রামে সম্প্রসারণের উদ্যোগ নেন। তিনি সেখানে গিয়ে দেখলেন পূর্ব থেকে অনেক বহুজাতিক কোম্পানীর ব্যবসা সুপ্রতিষ্ঠিত। তিনি তার কোম্পানীকে সুপ্রতিষ্ঠিত করার জন্য চট্টগ্রাম বণিক সমিতির সভাপতির অনুমতি না নিয়ে বাণিজ্য শুরু করেন। সভাপতি পরে বিষয়টি জানতে পেরে ক্ষুব্ধ হয়ে তাদের বিরুদ্ধে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেন। কোম্পানীর এম ডি রবার্ট সিনকো বণিক সমিতির সভাপতির বিরুদ্ধে চক্রান্ত শুরু করে। তিনি সভাপতির এক নিকটআত্মীয়ার সহযোগিতায় এবং অন্যের চক্রান্তে বণিক সমিতির সভাপতিকে উৎখাত করে তাদের অনুগত একজন কর্মচারীকে বণিক সমিতির সভাপতির দায়িত্ব প্রদান করেন।

ক. সিরাজউদ্দৌলা কার দৌহিত্র ছিলেন? ১

খ. 'অন্ধকূপ হত্যাকাণ্ড' ভ্রান্ত ধারণা বলে বর্তমানে প্রতিষ্ঠিত-ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বর্ণিত রিংগ কোম্পানির কর্মকাণ্ডের সাথে বাংলায় আগত ইউরোপীয় কোন কোম্পানির কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে নবাব সিরাজউদ্দৌলার ক্ষমতা হারানোর প্রেক্ষাপট পর্যালোচনা কর। ৪

৮.▶ সিলভী 'মেম মিশনারী স্কুল এ্যান্ড কলেজের' ছাত্রী। সে তার স্কুলের শিক্ষকের পাঠদানের মাধ্যমে জানতে পারে এ উপমহাদেশে এমনও সাহসী লোকের জন্ম হয়েছিলেন, যিনি অত্যাচারী শাসকদের বিরুদ্ধে বাঁশের কেল্লা স্থাপন করে যুদ্ধ করেছিলেন। সাধারণ মানুষ তথা কৃষকশ্রেণির ওপর যে কোন ধরনের অত্যাচারের বিরুদ্ধে তিনি ছিলেন সোচ্চার। জোরপূর্বক অলাভজনক এক ধরনের ফসল ফলাতে কৃষকদের বাধ্য করার কারণে তিনি জমিদার ও শাসকশ্রেণির বিরুদ্ধে ব্যাপক জনমত তৈরিতে সক্ষম হন।

ক. সিপাহি বিপ্লব কত সালে সংঘটিত হয়? ১

খ. সিপাহি বিপ্লবের ফলে কোম্পানী শাসনের অবসান হয়। ব্যাখ্যা কর। ২

গ. সিলভীর শিক্ষকের দেয়া তথ্যে যে মনীষীর বিপ্লবী চেতনা প্রকাশিত হয়েছে, ব্রিটিশ শাসন ও শোষণের বিরুদ্ধে তার সংগ্রামের ব্যাখ্যা দাও। ৩

ঘ. এই ধরনের মণীষীর আন্দোলন-সংগ্রাম বাংলার স্বাধীনতা সংগ্রামকে ত্বরান্বিত করেছিল- পর্যালোচনা কর। ৪

৯.▶ হাসান হোসেন দুই ভাগ। বাবার মৃত্যুর পর তাদের স্টার গার্মেন্টিসের মালিকানা নিয়ে দুই ভাইয়ের মধ্যে দ্বন্দ্ব বাঁধলে বড় ভাই হাসান গার্মেন্টিস পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন এবং ছোট ভাই হোসেন সংসার দেখাশোনার দায়িত্ব নেন। গার্মেন্টিসের আয় থেকে হোসেনকে সংসার পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থ প্রদান না করায় সংসারে বিশৃঙ্খলা দেখা দেয়।

ক. মোহামেডান লিটারারী সোসাইটি প্রতিষ্ঠা করেন কে? ১

খ. মুসলমানদের মধ্যে রাজনৈতিক সচেতনতা সৃষ্টিতে সৈয়দ আমীর আলীর ভূমিকা কেমন ছিল? ২

গ. উদ্দীপকের ক্ষমতা ভাগাভাগির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর । ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত ঘটনা বাংলার অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙে দিয়েছিল? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য় পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৬৮

সময় : ৪০ মিনিট

পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

১. হাজী শরিয়তুল্লাহ কে ছিলেন?
ক) প্রজা আন্দোলনের রূপকার
খ) নীলকর বিরোধী আন্দোলনের সংগঠক
গ) ফরায়েজি আন্দোলনের প্রতিষ্ঠাতা
ঘ) সনাতনপন্থী মুসলমানদের প্রতিনিধি

২. ১৯৪৭ খ্রিস্টাব্দে কোন মাসে ব্রিটিশ ভারত দ্বিখণ্ডিত হয়?
ক) জুন খ) জুলাই
গ) আগস্ট ঘ) সেপ্টেম্বর

৩. সিপাহি বিদ্রোহের সময় ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন?
ক) লর্ড ডালহৌসি খ) লর্ড ক্যানিং
গ) লর্ড লিটন ঘ) লর্ড রিপন

৪. বঙ্গভঙ্গের কারণ হলো-
i. বাংলা প্রেসিডেন্সির বিশালায়তন
ii. ভারতীয় জাতীয় আন্দোলন দুর্বলকরণ
iii. পূর্ব বাংলার জনগণের উন্নতি সাধন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতায় মুত্তাকী প্রথম স্থান অধিকার করে। তার রচনায় মাতৃভাষার জন্য বাঙালির আত্মত্যাগ পরবর্তী ঘটনা প্রবাহ এবং ১৯৭১ এর মুক্তি সংগ্রামে ভাষা আন্দোলনের ভূমিকা সংক্রান্ত সমৃদ্ধ আলোচনা বিচারকদের মূল্যায়নে অত্যন্ত প্রশংসিত হয়।

৫. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়-
ক) ২১ ফেব্রুয়ারি খ) ২২ ফেব্রুয়ারি
গ) ২৩ ফেব্রুয়ারি ঘ) ২৪ ফেব্রুয়ারি

৬. ১৯৭১ এর মুক্তিসংগ্রামে ভাষা আন্দোলনের ভূমিকা হলো-
i. এ আন্দোলন বাঙালি জাতিকে সংগ্রামী চেতনায় উদ্বুদ্ধ করে
ii. এ আন্দোলন ৭১'-এর মুক্তি সংগ্রামের পথপ্রদর্শক
iii. বাঙালি ছাত্র শিক্ষক, পেশাজীবী শ্রেণির মধ্যে ঐক্য গড়ে তোলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. 'সোনার বাংলা শ্মশান কেন'-কীসের শিরোনাম?
ক) খবরের কাগজের খ) পোস্টারের
গ) প্রবন্ধের ঘ) কবিতার

৮. সোভিয়েত প্রধানমন্ত্রী ও কোসিগিনের মধ্যস্থতায় তাসখন্দ শহরে পাক ভারতের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয় কত খ্রিস্টাব্দে?
ক) ১৮৬৫ খ্রিস্টাব্দে খ) ১৯৬৬ খ্রিস্টাব্দে
গ) ১৯৬৭ খ্রিস্টাব্দে ঘ) ১৯৬৮ খ্রিস্টাব্দে

৯. ১৯৬৬'র ছয় দফা আন্দোলনের গুরুত্ব অপরিসীম। কারণ-
i. এটা ছিল 'বাঙালিদের বাঁচার দাবি'
ii. এটা বাংলার অধিকার প্রতিষ্ঠার পদক্ষেপ
iii. এর মাধ্যমে পশ্চিম পাকিস্তানিদের ঐক্য দৃঢ় হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. আগরতলা মামলায় মোট কতজনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার মামলা হয়?
ক) ৩৪ জন খ) ৩৫ জন
গ) ৩৬ জন ঘ) ৩৭ জন

১১. ১৯৪৭ খ্রিষ্টাব্দে পাকিস্তান জাতীয়তার ভিত্তি ছিল-
ক) ধর্ম খ) ভাষা
গ) শিক্ষা ঘ) বর্ণ

১২. ৭০-এর নির্বাচনে পূর্ব পাকিস্তান কয়টি আসনে জয়ী হয়?
ক) ১৬৭টি খ) ১৬৮টি
গ) ১৬৯টি ঘ) ১৭০টি

১৩. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ-
i. বাংলাদেশের স্বাধীনতার মূলমন্ত্র
ii. স্বাধীনতার দিক নির্দেশনা
iii. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. 'অপারেশন সার্চ লাইট' সংঘটিত হয়েছিল কখন?
ক) ১৯৫২ খ্রিস্টাব্দে খ) ১৯৬৬ খ্রিস্টাব্দে
গ) ১৯৬৯ খ্রিস্টাব্দে ঘ) ১৯৭১ খ্রিস্টাব্দে

১৫. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কোথায় অবস্থিত?
ক) আগ্রাবাদ খ) কালুরঘাট
গ) মুজিবনগর ঘ) ঢাকা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
রায়হানের দাদা একজন মুক্তিযোদ্ধা। যুদ্ধক্ষেত্রে তার অবস্থান ছিল দিনাজপুর জেলার দক্ষিণাঞ্চলে। তিনি এবং তার সহযোদ্ধারা বীর বিক্রমে যুদ্ধ করে পাক হানাদার বাহিনীর আক্রমণ প্রতিহত করেন এবং ঐ অঞ্চল শত্রুমুক্ত করতে সক্ষম হন।

১৬. রায়হানের দাদা কোন সেক্টরের মুক্তিযোদ্ধা ছিলেন?
ক) ৬ নম্বর সেক্টর খ) ৭ নম্বর সেক্টর
গ) ৮ নম্বর সেক্টর ঘ) ৯ নম্বর সেক্টর

১৭. উক্ত সেক্টরের কমান্ডার কে ছিলেন?
ক) মেজর কাজি নুরুজ্জামান
খ) মেজর আবু ওসমান চৌধুরী
গ) মেজর জয়নাল আবেদীন
ঘ) মেজর আবু তাহের

১৮. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যুদ্ধক্ষেত্র কয়টি সেক্টরে বিভক্ত ছিল?
ক) ১১টি খ) ১২টি
গ) ১৩টি ঘ) ১৪টি

http://teachingbd.com

১৯. শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়-
ক) ১৩ ডিসেম্বর খ) ১৪ ডিসেম্বর
গ) ১৫ ডিসেম্বর ঘ) ১৬ ডিসেম্বর

২০. 'কিলো ফ্লাইট' এর সরকারি নাম কী ছিল?
ক) বাংলাদেশ নৌ বাহিনী
খ) বাংলাদেশ বিমান বাহিনী
গ) গণ বাহিনী ঘ) মুজিব বাহিনী

২১. গজনি বংশের প্রতিষ্ঠাতা কে?
ক) মাহমুদ গজনি খ) তাজউদ্দিন ইয়ালদুজ
গ) সবুক্তগীন ঘ) সুলতান মাহমুদ

২২. প্রাচ্যের হোমার কাকে বলা হয়?
ক) আল ফারাবী খ) ফেরদৌসী
গ) উনসূরী ঘ) হাফিজ

২৩. সুলতান মাহমুদের বার বার ভারত অভিযানের উদ্দেশ্য ছিল-
ক) ধর্মীয় ও অর্থনৈতিক খ) ধর্মীয় ও রাজনৈতিক
গ) রাজনৈতিক ও অর্থনৈতিক
ঘ) অর্থনৈতিক ও সামাজিক

২৪. মুহাম্মদ বিন তুঘলক কোথায় কর বৃদ্ধি করেন?
ক) দেবগিরিতে খ) দোয়াব অঞ্চলে
গ) দাক্ষিণাত্যে ঘ) দিল্লিতে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**
হজের মৌসুমে প্রতি বছর বাংলাদেশ থেকে প্রচুর ধর্মপ্রাণ মুসলমান হজ পালন করতে মক্কায় যান। মক্কা বর্তমানে সৌদি আরবে অবস্থিত। মহানবী হযরত মুহাম্মদ (স) এর মাধ্যমে আরবে ইসলামের আবির্ভাব ঘটে।

২৫. ইসলামের আবির্ভাবের পূর্বে ভারত উপমহাদেশের সাথে কাদের যোগাযোগ ছিল?
ক) আরব শেখদের খ) আরব সৈনিকদের
গ) আরব কবিদের ঘ) আরব বণিকদের

২৬. ভারতের নিম্নবর্ণের হিন্দুরা কেন ইসলামের প্রতি আকৃষ্ট হয়?
i. ইসলামের সাম্য ও শান্তির বার্তা পেয়ে
ii. আরব বণিকদের সাথে ব্যবসা করার উদ্দেশ্যে
iii. শাসকের নিপীড়ন থেকে মুক্তি লাভের আশায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. কোন আব্বাসীয় খলিফা ইলতুৎমিশকে খেতাব দান করেন?
ক) আল মুসতানীসর বিল্লাহ
খ) আল মনসুর
গ) আল মামুন
ঘ) হারুন-অর-রশীদ

২৮. দিল্লীর কোন সুলতান 'Blood and Iron policy' গ্রহণ করেছিলেন?
ক) শামসউদ্দিন ইলতুৎমিশ
খ) গিয়াসউদ্দিন বলবন
গ) আলাউদ্দিন বলবন ঘ) মুহাম্মদ বিন তুঘলক

২৯. আলাউদ্দিন খলজির শাসন ব্যবস্থায় উল্লেখযোগ্য বৈশিষ্ট্য ছিল-
ক) সেনাবাহিনীর নিয়ন্ত্রণ খ) দাক্ষিণাত্য বিজয়
গ) মূল্য নিয়ন্ত্রণ ঘ) সম্পদের প্রাচুর্য

৩০. মুহাম্মদ-বিন-তুঘলক দেবগিরির কী নাম রাখেন?
ক) দাক্ষিণাত্য খ) দৌলতাবাদ
গ) মুজাফরাবাদ ঘ) আফগানপুর

৩১. তুযুক-ই-বাবুরী কোন ভাষায় লিখিত?
ক) ফারসি খ) তুর্কি
গ) হিন্দি ঘ) ইংরেজি

৩২. বিলগ্রামের যুদ্ধ কত সালে হয়?
ক) ১৫৩০ সালে খ) ১৫৩৫ সালে
গ) ১৫৪০ সালে ঘ) ১৫৪২ সালে

৩৩. সম্রাট আকবর কত সালে দ্বীন-ই-ইলাহী প্রবর্তন করেন?
ক) ১৫৮৬ সালে খ) ১৫৮০ সালে
গ) ১৫৮২ সালে ঘ) ১৫৭৬ সালে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মুঘলরা ছিলেন মোঙ্গল ও চাগতাই তুর্কিদের উত্তরাধিকারী। শূর আফগানরা ছিলেন আফগানিস্তানের তুর্কি অধিবাসী। উভয়ই ভারতবর্ষে ক্ষমতা দখলকারী বিদেশি শক্তি। কিন্তু এদের নিজেদের মধ্যে ছিল ক্ষমতার দ্বন্দ্ব।

৩৪. শেরশাহের পূর্ব পুরুষদের আদি নিবাস কোথায়?
ক) আফগানিস্তানের গজনী
খ) আফগানিস্তানের ঘুররাজ্য
গ) আফগানিস্তানের শূরগরনাই
ঘ) তুর্কিস্থান

৩৫. মুঘল ও আফগানরা ভারতবর্ষে এসেছিলেন-
i. ভারতবর্ষে কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য
ii. ভাগ্য পরিবর্তনের আশায় iii. লুটতরাজ করার জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৬. মুঘল শাসন ব্যবস্থায় মীর সামান ছিলেন-
i. সরকারি নথিপত্রের সংরক্ষণকারী
ii. শাহী উৎসবের আয়োজনকারী
iii. রাজধানীতে রাষ্ট্রীয় সম্পত্তির মুতাওয়াল্লী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭. নিম্নের কোন যুদ্ধে প্রথম কামান ব্যবহার করা হয়?
ক) তরাইনের প্রথম যুদ্ধ খ) পানিপথের প্রথম যুদ্ধ
গ) পানিপথের দ্বিতীয় যুদ্ধ
ঘ) তরাইনের দ্বিতীয় যুদ্ধ

৩৮. শেরশাহের প্রকৃত নাম ছিল-
ক) হাসান খ) ইব্রাহিম
গ) ফরিদ ঘ) ফজল

৩৯. ফোর্ট উইলিয়াম দূর্গটি কোথায় নির্মিত হয়?
ক) সুতানটি খ) গোবিন্দপুর
গ) কলকাতা ঘ) বিহার

৪০. ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয়-
ক) ১৮৫১ খ্রিস্টাব্দের ২৮ ডিসেম্বর
খ) ১৮৬৬ খ্রিস্টাব্দে ২৮ ডিসেম্বর
গ) ১৮৭৬ খ্রিস্টাব্দের ২৮ ডিসেম্বর
ঘ) ১৮৮৫ খ্রিস্টাব্দের ২৮ ডিসেম্বর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | ঘ |

Teachingbd.com
http://teachingbd.com